New York State
Department of State
Division of Licensing Services
Appearance Enhancement
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
কাস্টমার সার্ভিস: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

নেল স্পেশালিটি আবেদন

আরো দ্রুত ও সহজ পদ্ধতির সুবিধা পাওয়ার জন্য, লাইসেন্সিং সার্ভিস বিভাগ আবেদনকারীদের অনলাইন আবেদন করতে উৎসাহ দেয়। অনলাইন পরিষেবা ব্যবহার করলে আবেদন প্রক্রিয়া ও আপডেট অনেক তাড়াতাড়ি কাজ করে ও এটি আপনাকে লাইসেন্সের প্রক্রিয়া চলাকালীন পুরো সময় জুড়ে আপনার লাইসেন্স রেকর্ড দেখতে ও অ্যাকসেস করতে দেয়।

আমাদের ওয়েবসাইটে যান: www.dos.ny.gov

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই নির্দেশাবলীর অনলাইন বিভাগে যান।

আবেদনপত্র পূরণ করার আগে মন দিয়ে নির্দেশাবলী পড়ুন। সবকটি ক্ষেত্র পূরণ করা আবশ্যক, অসম্পূর্ণ আবেদনপত্র ফেরত পাঠিয়ে দেওয়া হবে, ফলে লাইসেন্সারের দেরি হবে। আবেদনপত্রে বা সহায়ক নথিতে কোনো কিছু বাদ দেওয়া, অযথাযথতা বা সব কথা খুলে না বলা লাইসেন্স না দেওয়ার জন্য পর্যাপ্ত কারণ হিসাবে ধরা যেতে পারে অথবা লাইসেন্স দেওয়া হয়ে গিয়ে থাকলে তা সাসপেন্ড বা বাতিল করে দেওয়া হতে পারে।

নেল স্পেশালিটির চর্চার মধ্যে কী পড়ে?
নেল স্পেশালিটির চর্চার অর্থ পায়ের বা হাতের নখ কাটা, শেপ করা বা সৌন্দর্য বৃদ্ধির জন্য একটি ফি বা অন্য কোন বিবেচ্যের প্রেক্ষিতে পরিষেবা। নেল স্পেশালিটির মধ্যে ভাস্কর্য বা কৃত্রিম নখের প্রয়োগ বা অপসারণও অন্তর্ভুক্ত।

কার নেল স্পেশালিটি লাইসেন্সের জন্য আবেদন করা আবশ্যক?
ওপরে বর্ণিত উপায়ে যে ব্যক্তি নেল স্পেশালিটি চর্চা করছেন, আইন অনুযায়ী তারই নেল স্পেশালিটি লাইসেন্স থাকতে হবে। নেল স্পেশালিটি আপনাকে ব্যবসা চালানোর অনুমতি দেবে না; তার জন্য আলাদা একটি ব্যবসার আবেদনপত্র জমা দিয়ে ব্যবসার লাইসেন্স নিতে হবে।

লাইসেন্সারের জন্য আবেদন করার জন্য আমার কী যোগ্যতা ও সহায়ক নথি লাগবে?
আপনার যদি অন্তত 17 বছর বয়স হয়, তাহলে আপনি এগুলির ভিত্তিতে নেল স্পেশালিটি লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন:

1) নিউ ইয়রবক স্টেট এডুকেশন অ্যান্ড এগজামিনেশন *(অস্থায়ী লাইসেন্সের ক্ষেত্রে প্রযোজ্য)*
এই স্টেটে কাজ করার জন্য আপনাকে অনুমোদিত পাঠ্যক্রমের 250 ঘণ্টা অধ্যয়ন সম্পূর্ণ করতে হবে ও নিউ ইয়র্ক স্টেটের লিখিত ও প্রায়োগিক দুটি পরীক্ষাই পাশ করতে হবে।

সফলভাবে স্কুল শেষ করার প্রমাণ হিসাবে আপনার আবেদনপত্রের **নিউ ইয়র্ক অনুমোদিত স্কুলিং-এর বিবৃতি** বিভাগটি আপনার স্কুলের ডিরেক্টরকে দিয়ে পূরণ করাতে হবে।

NYS লাইসেন্স কেন্দ্র ব্যবহার করে অনলাইন আবেদনের জন্য আপনাকে আপনার স্কুলের সার্টিফিকেটে থাকা কারিকুলাম কোডটি লিখতে হবে। অনলাইন সার্টিফিকেশন প্রোগ্রামে অংশগ্রহণ করা স্কুলগুলি NYS লাইসেন্স কেন্দ্রের মাধ্যমে শিক্ষার্থীর পাঠ্যক্রম শেষ করার সত্যতা সমর্থন করবে। যে স্কুলগুলি অনলাইন সার্টিফিকেশন প্রোগ্রামে অংশগ্রহণ করছে না, তাদের ক্ষেত্রে আপনাকে অনলাইন আবেদনের “NYS স্কুলিং-এর বিবৃতি’ বিভাগে আপনার স্কুল সার্টিফিকেট আপলোড করতে হবে। আপনার বাছাই করা কারিকুলাম কোডের ভিত্তিতে সিস্টেম আপনাকে জানিয়ে দেবে যে কোন পদ্ধতির প্রয়োজন হবে।
আপনার আবেদন পর্যালোচনা ও গ্রহণ করার পরে, আপনি একটি ইমেল পাবেন, যেখানে পরীক্ষা পদ্ধতি বিস্তারিতভাবে ব্যাখ্যা করা থাকবে।

2) NYS লাইসেন্সপ্রাপ্ত নেল ট্রেনি *(অস্থায়ী লাইসেন্সের জন্য যোগ্য)*
আপনাকে অবশ্যই এক বছর NYS লাইসেন্সপ্রাপ্ত নেল ট্রেনি হিসাবে পূরণ করতে হবে, একটি অনুমোদিত 26 ঘণ্টা নেল প্রশিক্ষণ অধ্যয়ন কোর্স সম্পূর্ণ করতে হবে, নিউ ইয়র্ক স্টেট লিখিত ও প্র্যাক্টিকাল উভয় পরীক্ষা পাস করতে হবে।

আপনার আবেদনটি পর্যালোচনা এবং গৃহীত হওয়ার পরে, আপনি পরীক্ষা সম্পর্কিত তথ্য সম্বলিত একটি ইমেল পাবেন।

3) আগের নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সার
লাইসেন্সে লেখা মেয়াদ উত্তীর্ণের তারিখের পাঁচ বছরের মধ্যে যে আবেদনকারী নবীকরণের আবেদন ও টাকা জমা দেবেন না, তিনি পরীক্ষা পাস না করে লাইসেন্স পাওয়ার যোগ্য হবেন না। আগের লাইসেন্সারের প্রমাণ প্রয়োজন হতে পারে।

4) নিউ ইয়র্ক স্টেট বা ইউনাইটেড স্টেটস-এর বাইরে প্রাপ্ত শিক্ষা
(অস্থায়ী লাইসেন্সের জন্য উপযুক্ত)
আপনি যদি অন্য রাজ্য বা দেশের থেকে একই স্তরের স্কুলিংয়ের প্রমাণ দেখাতে পারেন তাহলে আমরা নিউ ইয়র্ক স্কুলিংয়ের প্রয়োজনীয়তা বাদও দিয়ে দিতে পারি। আপনাকে নিচের তিনটির **সবকটি** নথি জমা দিতে হবে:

(1) স্কুলের সার্টিফিকেট;

(2) স্কুলের ট্রানস্ক্রিপ্ট যেখানে সম্পূর্ণ করা বিষয় ও ঘণ্টা লেখা থাকবে; এবং

এবং

(3) আপনার রাজ্যের বোর্ড থেকে সাম্প্রতিক লাইসেন্সার সার্টিফিকেট **বা, যদি লাইসেন্স না থাকে,** আপনার স্টেট বোর্ডের থেকে দাবি করা ঘণ্টার সত্যতা যাচাই করা সাম্প্রতিক সার্টিফিকেশন।

আপনার আবেদন পর্যালোচনা ও গ্রহণ করার পরে, এই স্টেটে নেল স্পেশালিটি লাইসেন্স পাওয়ার জন্য আপনাকে নিউ ইয়র্ক স্টেটের লিখিত ও প্র্যাক্টিকাল দুটি পরীক্ষাই পাশ করতে হবে। পরীক্ষা পদ্ধতি বিস্তারিত ভাবে ব্যাখ্যা করা তথ্য আপনি পাবেন।

5) অভিজ্ঞতা: 5 বছর নিউ ইয়র্ক স্টেটের বাইরে

কোনো ব্যক্তি যার নেল স্পেশালিটির সমতুল্য কোনো পেশার ক্ষেত্রে পাঁচ বছরের বৈধ অভিজ্ঞতা আছে, তিনি তার শিক্ষা ও অভিজ্ঞতার সন্তোষজনক প্রমাণ জমা দিয়ে নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন।

ইউনাইটেড স্টেটসের মধ্যে অভিজ্ঞতা:

(1) এর আগে যে লাইসেন্সিং সংস্থার সাথে আপনার লাইসেন্স ছিল সেখানকার আসল সার্টিফিকেশন।

(2) আগের কর্মকর্তা, প্রাক্তন সহকর্মী, এবং মক্কেল, যারা স্টেটে আপনার অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা সমর্থন করতে পারবেন, এদের পূরণ করা দুটি অভিজ্ঞতা বিবৃতি। এই অভিজ্ঞতা বিবৃতিতে থাকবে **সঠিক** তারিখ (পরিষেবা শুরুর মাস ও বছর ও পরিষেবা শেষের মাস ও বছর) স্থান (সিটি, স্টেট, দোকানের নাম) ও যে নির্দিষ্ট পরিষেবা আপনি দিয়েছেন।

(3) ট্যাক্স রিটার্নের **প্রতিলিপি** যা প্রমাণ করে যে এস্থেটিকস আপনার পেশা।

ইউনাইটেড স্টেটসের বাইরের অভিজ্ঞতা:

যা প্রমাণের অন্তর্ভুক্ত, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:

(1) আপনার দেশের আলিসেন্সিং কর্তৃপক্ষের অফিসিয়াল সার্টিফিকেশন বা কনসুলেট থেকে বিবৃতি যে আপনার দেশে এই পেশা প্র্যাকটিস করার জন্য লাইসেন্স লাগে না।

(2)আপনার দেশের কর্মকর্তা(দের) থেকে বিস্তারিত চিঠি যেখানে লেখা থাকবে চাকরির **সঠিক** তারিখ, স্থান ও আপনি যে নির্দিষ্ট পরিষেবা দিয়েছেন।

(3) আপনার দেশের মক্কেল(দের) বা সহকর্মী(দের) থেকে বিস্তারিত চিঠি যেখানে লেখা থাকবে চাকরির **সঠিক** তারিখ, স্থান ও আপনি যে নির্দিষ্ট পরিষেবা দিয়েছেন।

(4) **প্রতিলিপি**- নেল স্পেশালিটি-কে আপনার পেশা বলে প্রমাণ করে এরকম পাসপোর্ট, ড্রাইভারস লাইসেন্স, নেল স্পেশালিটির অভিজ্ঞতা থাকা ওয়ার্কবুক বা যে কোনো ছবি থাকা পরিচয়পত্র।

(5) **প্রতিলিপি** – আপনার দেশে সম্পূর্ণ করা শিক্ষার পাঠ্যক্রম ও ডিপ্লোমা/সার্টিফিকেট।

(6) **প্রতিলিপি** - ট্যাক্স রিটার্নের প্রতিলিপি যা প্রমাণ করে যে নেল স্পেশালিটি আপনার পেশা।

আপনার আবেদন পর্যালোচনা ও স্বীকার করে নেওয়ার ফলে, আপনি আরো কোনো পড়াশোনা বা পরীক্ষা ছাড়াই নিউ ইয়র্ক স্টেটে নেল স্পেশালিটি লাইসেন্স পেতে পারেন।

6) এনডর্সমেন্ট

যে আবেদনকারীর অন্য আইনি এক্তিয়ারে নেল স্পেশালিটি লাইসেন্স আছে, তিনি আরো কোনো পড়াশোনা বা পরীক্ষা ছাড়াই নিউ ইয়র্ক স্টেটে নেল স্পেশালিটি লাইসেন্স পেতে পারেন।

আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov-এর নেল স্পেশালিটি এনডর্সমেন্ট তালিকা দেখে ঠিক করুন যে আপনি এনডর্সমেন্টের ভিত্তিতে লাইসেন্সারের যোগ্য কিনা।

যে এক্তিয়ারে আবেদনকারীর সমতুল্য লাইসেন্স আছে, সেখান থেকে 6 মাস বা তার কম পুরনো আসল সার্টিফিকেট তাকে জমা দিতে হবে।

কাগজে আবেদন করলে আমাকে আমার ইমেল অ্যাড্রেস কেন দিতে হবে?

আপনার NYS লাইসেন্স কেন্দ্র অ্যাকাউন্ট তৈরি করার জন্য আপনার ইমেল অ্যাড্রেস ব্যবহার করা হবে। বেশিরভাগ যোগাযোগই ইমেলের মাধ্যমে করা হবে। আপনি যদি ভবিষ্যতে আপনার ইমেল অ্যাড্রেস পাল্টান তাহলে আপনাকে আপনার অ্যাকাউন্টে লগ ইন করে সেটিএক নতুন ইমেল অ্যাড্রেস দিয়ে আপডেট করতে হবে।

আমার আবেদন স্বীকৃত হয়ে যাওয়ার পরে আমি কীভাবে পরীক্ষার তারিখ ঠিক করব?

কেবলমাত্র আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমেই পরীক্ষার তারিখ ঠিক করা যাবে।

আপনার আবেদন স্বীকৃত হয়ে যাওয়ার পরে আপনি একটি ইমেল পাবেন যেখানে বলা থাকবে যে আপনি এখন আপনার পরীক্ষার তারিখ ঠিক করতে পারেন। আপনি যদি NYS লাইসেন্স কেন্দ্রের মাধ্যমে অনলাইন আবেদন করে থাকেন তাহলে আপনি আপনার অ্যাকাউন্টে লগ ইন করে পরীক্ষার তারিখ ঠিক করতে পারবেন। আপনি যদি লাইসেন্সিং সার্ভিস বিভাগে একটি কাগজে আবেদন জমা দেওয়ার আবেদন করেন,

তবে আপনার আবেদনে দেওয়া ইমেল অ্যাড্রেসে ইমেল পাঠানো হবে। আপনি যদি বলে থাকেন যে আপনার বিশেষ পরীক্ষার বন্দোবস্ত লাগবে, তাহলে আপনার জন্য পরীক্ষার তারিখ ঠিক করার জন্য লাইসেন্সিং পরিষেবা বিভাগের কোনো প্রতিনিধি আপনার সাথে যোগাযোগ করবেন।

নেল স্পেশালিটি আবেদন

আমি কি স্টেটের পরীক্ষা পাস করার আগে কাজ করতে পারি?
হ্যাঁ, পরীক্ষা পদ্ধতি সম্পূর্ণ করাকালীন যারা কাজ করতে চান তাদের জন্য ছয় মাসের অস্থায়ী লাইসেন্স উপলব্ধ রয়েছে। কেবলমাত্র নিউ ইয়র্ক স্টেট বা ইউনাইটেড স্টেটসে শিক্ষা পাওয়ার ভিত্তিতে আবেদন করা আবেদনকারীরাই অস্থায়ী লাইসেন্সারের যোগ্য। লিখিত বা প্র্যাক্টিকাল পরীক্ষা পাস করার পরে আবেদনকারীরা লাইসেন্স নবীকরণের জন্য আবেদন করতে পারেন। দুটি পরীক্ষা পাস করার পরে একটি চার বছরের লাইসেন্স দেওয়া হবে।

লাইসেন্সারের ফি ও শর্তাবলী কি?
$40 –মূল আবেদন ফি (সব আবেদনকারীর জন্য)। যেসব আবেদনকারীদের পরীক্ষা পাস করার প্রয়োজনর নেই, তাদের জন্য (যেমন, পাঁচ বছরের বৈধ অভিজ্ঞতার ভিত্তিতে আবেদন করছেন), এটাই একমাত্র প্রয়োজনীয় ফি।
$10– 6 মাসের অস্থায়ী লাইসেন্সের ফি।
$10– 6 মাসের অস্থায়ী লাইসেন্সের নবীকরণের (পৃথক আবেদন)।

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি যদি মূল আবেদন ও অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করেন, তাহলে একটি $50 আবেদনের টাকা জমা দিন। পৃথক আবেদনের ফি লাগবে না।

লাইসেন্সারের মেয়াদ চার বছর। অস্থায়ী লাইসেন্সের মেয়াদ 6 মাস।
$15 –পরীক্ষার ফি (আপনি যখন অনলাইনে আপনার পরীক্ষার সময় ঠিক করবেন তখন নেওয়া হবে)

কি উপায়ে আপনারা পেমেন্ট নেন?
আপনি স্টেট ডিপার্টমেন্টে প্রদেয় চেক বা মানি অর্ডার দ্বারা অথবা ক্রেডিট কার্ড অনুমোদন ফর্ম ব্যবহার করে বা অনলাইনে আবেদন করার সময় আমেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড বা ভিসা কার্ডের মাধ্যমে অর্থ প্রদান করতে পারেন। নগদ অর্থ পাঠাবেন না। **আবেদনের ফি ফেরত দেওয়া হয় না।** ব্যাঙ্ক কোনো চেক ফেরত পাঠালে $20 টাকা কাটা হবে।

লাইসেন্স পাওয়ার জন্য আমার কি শারীরিক পরীক্ষা লাগবে?
হ্যাঁ। নেল স্পেশালিটি লাইসেন্সের জন্য আবেদন করার জন্য আপনাকে একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা কর্মরত নার্সকে দিয়ে পরীক্ষা করাতে হবে। আপনি যদি অনলাইনে আবেদন করেন তবে আপনার **চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা নার্স অনুশীলনকারীকে** অবশ্যই আবেদনটির হেল্থ সার্টিফিকেশন বিভাগ বা হেল্থ সার্টিফিকেশন ফর্ম (DOS -1948) সম্পূর্ণ করতে হবে। সার্টিফিকেট স্বাক্ষরের তারিখের 30 দিনের মধ্যে আপনাকে আপনার আবেদন জমা দিতে হবে।

চাইল্ড সাপোর্ট বিবৃতি
আপনার সন্তান বা অন্য কোনো সহায়তার বাধ্যতা থাক বা নাই থাক, নিউ ইয়র্ক স্টেটে (জেনারেল অবলিগেশনস ল) চাইল্ড সাপোর্ট স্টেটমেন্ট দেওয়া বাধ্যতামূলক। **কোনো ব্যক্তির যদি চার মাস বা তার বেশি চাইল্ড সাপোর্ট দেওয়া বাকি থাকে, তাহলে তার ব্যবসা, পেশাদারী ও ড্রাইভারস লাইসেন্স সাসপেন্ড করে দেওয়া হতে পারে।** আইনি উপায়ে বলবত হওয়া সহায়তার বাধ্যবাধকতা এড়ানোর জন্য বা ব্যাহত করার জন্য ইচ্ছাকৃত ভাবে ভুল লিখিত বিবৃতি সেওয়া ফৌজদারি ধারা §175.35-এর অধীনে দণ্ডনীয় অপরাধ। ঠকানোর অভিপ্রায়ে স্টেট বা স্থানীয় সরকারের কাছে কিছু ফাইল করার সময়ে মিথ্যা দলিল দেওয়া ক্লাস E অপরাধ।

<u>**অনলাইন পরিষেবার তথ্য:**</u>
আরো দ্রুত ও সহজ পদ্ধতির সুবিধা পাওয়ার জন্য, লাইসেন্সিং সার্ভিস বিভাগ আবেদনকারীদের অনলাইন আবেদন করতে উৎসাহ দেয়। অনলাইন পরিষেবা ব্যবহার করলে আবেদন প্রক্রিয়া ও আপডেট অনেক তাড়াতাড়ি কাজ করে ও এটি আপনাকে লাইসেন্সের প্রক্রিয়া চলাকালীন পুরো সময় জুড়ে আপনার লাইসেন্স রেকর্ড দেখতে ও অ্যাকসেস করতে দেয়।

আরো সম্পূর্ণ নির্দেশাবলী ও অন্যান্য অনলাইন তথ্যের জন্য http://www.dos.ny.gov/licensing/lc-faq.html -তে FAQ দেখুন।

অনলাইনে কি লেনদেন ও তথ্য পাওয়া যায়?

- প্রাথমিক একটি আবেদন পূরণ করুন
- আবেদনের স্থিতি দেখুন
- আপনার লাইসেন্স নবীকরণ করুন
- পরিক্ষার দিন ঠিক করুন ও ফলাফল দেখুন
- লাইসেন্সের স্থিতি চেক করুন
- লাইসেন্স তথ্য সংশোধন করুন
- একটি ডুপ্লিকেট লাইসেন্সের অনুরোধ করুন

NYS লাইসেন্স কেন্দ্রের মধ্যে কীভাবে অ্যাকাউন্ট রেজিস্টার করব (NYSLC)?
NYS লাইসেন্স কেন্দ্রের (NYSLC) মধ্যে অ্যাকাউন্ট রেজিস্টার করার জন্য আগে আপনাকে My NY.gov-এ রেজিস্টার করাতে হবে।

আপনি যদি My NY.gov-এ রেজিস্টারড না থাকেন, তাহলে MY NY.gov-এর রেজিস্ট্রেশন সাইটে https://aca.licensecenter.ny.gov/aca যান ও “I need a NY.gov ID” -তে লিঙ্কে ক্লিক করুন My NY.gov-এর রেজিস্ট্রেশন অনুসরণ করুন। My NY.gov-এ রেজিস্টার্ড হয়ে যাওয়ার পরে, My NY.gov-এ আপনাকে দেওয়া বিকল্পগুলি থেকে NYS লাইসেন্স কেন্দ্র বিকল্পটি বাছুন। NYS লাইসেন্স কেন্দ্রে, ওপরের ডানদিকের কোণের ‘অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট’ লিঙ্কে ক্লিক করুন। প্রয়োজনীয় ক্ষেত্রগুলি পূরণ করুন ও আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে যা নতুন আবেদন করা হবে সব জায়গায় এই তথ্যগুলি নিজে ভরে যাবে। পূরণ করা ও এই ডেটা সেভ করার পরে, এগোনোর জন্য “হোম” ট্যাবে ক্লিক করুন।

নেল স্পেশালিটি আবেদন

আমার যদি আগে থেকেই My NY.gov অ্যাকাউন্ট থাকে?
আপনি যদি আগে থেকেই My NY.gov–এ রেজিস্টারড থাকেন, তাহলে My NY.gov–এ যান ও সাইন ইন করুন, তারপরে My NY.gov–এ আপনাকে দেওয়া বিকল্পগুলি থেকে NYS লাইসেন্স কেন্দ্র বিকল্পটি বাছুন। এটি আপনার NYS লাইসেন্স কেন্দ্র অ্যাকাউন্ট তৈরি করবে। NYS লাইসেন্স কেন্দ্রে, ওপরের ডানদিকের কোণের 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিঙ্কে ক্লিক করুন। প্রয়োজনীয় ক্ষেত্রগুলি পূরণ করুন ও আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে যা নতুন আবেদন করা হবে সব জায়গায় এই তারিখ নিজে ভরে যাবে। পূরণ করা হয়ে গেলে এই তারিখ সেভ করার পরে, এগোনোর জন্য "হোম" ট্যাবে ক্লিক করুন।

NYS লাইসেন্স কেন্দ্রে লাইসেন্সের জন্য কীভাবে আবেদন করব?
NYS লাইসেন্স কেন্দ্রে লাইসেন্সের আবেদন করার জন্য আপনাকে অ্যাকাউন্ট তৈরি করতে হবে বা যে অ্যাকাউন্ট আছে তাতে লগ ইন করতে হবে। অনলাইন লাইসেন্সের জন্য আবেদন করার জন্য এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:

- কোনো অ্যাকাউন্ট তৈরি করুন বা আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন ("ওপরে "হাউ ডু আই রেজিস্টার ফর অ্যান অ্যাকাউন্ট উইথ ইন দি NYS লাইসেন্স সেন্টার (NYSLC)" দেখুন)"
- NYS লাইসেন্স কেন্দ্রে লগ ইন করার পরে, 'হোম' ট্যাবে 'অ্যাপ্লাই নাউ ফর আ নিউ লাইসেন্স অর পারমিট' বাছুন
- অনলাইন দেওয়া আবেদনের নির্দেশাবলী অনুসরণ করুন
- কোনো সহায়ক নথি থাকলে তা আপলোড করুন
- পেমেন্ট করুন ও কনফার্মেশন পাতাটি প্রিন্ট করুন

আপনি আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে ও আপনার আবেদনের অবস্থা দেখতে পারবেন।

অনলাইনে আমি কীভাবে অতিরিক্ত লাইসেন্স তৈরি করব?
অতিরিক্ত লাইসেন্সের আবেদন করার জন্য আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন ও "ম্যানেজ মাই লাইসেন্স" ট্যাবে ক্লিক করুন তারপরে "অ্যাপ্লাই নাউ! ফর আ নিউ লাইসেন্স অর পারমিট' লিঙ্কে ক্লিক করুন। নিয়ম ও শর্তাবলী পড়ুন ও সম্মত হন, তারপরে সিস্টেমই আপনাকে এগিয়ে যেতে সাহায্য করবে।

অনলাইনে আমি আমার লাইসেন্সের নবীকরণ বা রিনিউ কীভাবে করব?
আপনার যদি বর্তমানে NYS লাইসেন্স কেন্দ্র অ্যাকাউন্ট থাকে, তাহলে আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তিন মাস আগে আপনি ইমেলের মাধ্যমে একটি নবীকরণ বিজ্ঞপ্তি পাবেন। ইমেলে আপনার অ্যাকাউন্টে যাওয়ার একটি লিঙ্ক থাকবে। লিঙ্কে ক্লিক করুন ও নবীকরণ আবেদন করুন।

আপনার যদি বর্তমানে NYS লাইসেন্স কেন্দ্র অ্যাকাউন্ট না থাকে, তাহলে আপনি লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তিন মাস আগে ইমেলের মাধ্যমে একটি রিনিউয়াল বিজ্ঞপ্তি পাবেন। এই বিজ্ঞপ্তিতে NYS লাইসেন্স কেন্দ্রে অ্যাকাউন্ট তৈরি করা নিয়ে তথ্য থাকবে।

অনলাইন সিস্টেমের জন্য আমার ইউজার আইডি কি?
আপনি যখন My NY.gov–এ আপনার অ্যাকাউন্ট তৈরি করবেন, আপনি একটি স্বতন্ত্র ইউজার আইডি তৈরি করবেন ও আপনার ইমেল অ্যাড্রেস ব্যবহার করবেন। তারপরে আপনি ইউজার আইডি–র মাধ্যমে আপনার অ্যাকাউন্ট অ্যাকসেস করতে পারবেন।

কীভাবে আমি আমার অনলাইন অ্যাকাউন্ট তথ্য আপডেট করব?
আপনার অনলাইন অ্যাকাউন্ট তথ্য আপনাকে দু জায়গায় আপডেট করতে হবে। আপনাকে My NY.gov ও আপনার NYS লাইসেন্স কেন্দ্রের অ্যাকাউন্টে আপনার ডেটা আপডেট করতে হবে।

আপনার অ্যাকাউন্ট পরিচালনা করার তথ্যের জন্য My NY.gov–এ প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নবলী (FAQs) দেখুন।

NYS লাইসেন্স কেন্দ্র অ্যাকাউন্টে লগ–ইন করুন, ওপরের লাইনে আপনি 'ম্যানেজ মাই লাইসেন্স' বলে একটি লিঙ্ক দেখতে পাবেন। সেখান থেকে যোগাযোগ বদলের সংশোধন পূরণ করে আপনি আপনার অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য আপডেট করতে পারবেন।

আমি অনলাইন আবেদন করছি, আমি কীভাবে এই বিভাগকে আমার শারীরিক পরীক্ষার কথা জানাব?
নেল স্পেশালিটি লাইসেন্সের জন্য আবেদন করার জন্য সকল আবেদন একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা কর্মরত নার্সকে দিয়ে পরীক্ষা করাতে হবে। কোনো চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা কর্মরত নার্সকে দিয়ে পরীক্ষা করানোর 30 দিনের মধ্যে লাইসেন্স আবেদনপত্র জমা দিতে হবে ও আবেদনপত্রে তাদের নাম ও যোগাযোগের তথ্য থাকতে হবে। স্বাস্থ্য সার্টিফিকেশন ফর্ম (DOS–1948) পূরণ করতে হবে ও সেটি ডিপার্টমেন্ট অফ স্টেট–এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

NYS লাইসেন্স কেন্দ্র ব্যবহার করে আপনার অনলাইন আবেদনপত্রে আপনাকে পূরণ করা হেলথ সার্টিফিকেশন ফর্মে থাকে তথ্য ব্যবহার করতে হবে। আপনাকে এই ফর্মের তথ্য সিস্টেমের মধ্যে হেলথ সার্টিফিকেশন ক্ষেত্রে ভরতে হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন: সব প্রয়োজন পূরণ হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অনুসন্ধানকারী এই হেলথ সার্টিফিকেশন ফর্ম অডিট করতে পারেন। অডিটের জন্য আপনাকে এই ফর্মের প্রমাণ আপনার কাজের জায়গায় রাখতে হবে।

নেল স্পেশালিটি আবেদন

<u>গোপনীয়তা বিজ্ঞপ্তি</u>

আবেদনপত্রে কি আমাকে সোশ্যাল সিকিউরিটি নম্বর ও ফেডেরাল আইডি নম্বর দিতে হবে?

হ্যাঁ। হ্যাঁ, আপনার যদি সোশ্যাল সিকিউরিটি নম্বর ও ফেডেরাল আইডি নম্বর থেকে থাকে, তাহলে আপনাকে সেই নম্বর দিতে হবে। আপনার যদি সোশাল সিকিউরিটি নম্বর ও ফেডেরাল আইডি নম্বর না থাকে, তাহলে অনুগ্রহ করে লিখিত ব্যাখ্যা দিন।

ডিপার্টমেন্ট অফ স্টেটকে সব লাইসেন্সির থেকে তাদের ফেডেরাল সোশ্যাল সিকিউরিটি নম্বর ও এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নম্বর সংগ্রহ করতে হয়। এইরকম ব্যক্তিগত তথ্যের অনুরোধ ও রাখার ক্ষমতা পাওয়া যায় ট্যাক্স ল-এর §5 ও জেনারেল অবলিগেশন ল-এর §3-503-এর অধীনে। আপনার তরফ থেকে প্রকাশ বাধ্যতামূলক। এই তথ্য সংগ্রহ করা হয় যাতে ডিপার্টমেন্ট অফ স্টেট বা ট্যাক্সেশন অ্যান্ড ফিনান্স যারা ট্যাক্স ফাইল করার ক্ষেত্রে অপরাধ করেছে বা তাদের ট্যাক্সের দায়িত্ব যথাযথভাবে পালন করেনি সেরকম ব্যক্তি, ব্যবসা ও অন্যান্যদের সনাক্ত করতে পারে ও সাধারণ ভাবেই কমিশনার অফ ট্যাক্সেশন অ্যান্ড ফিনান্স-এর প্রতিপালন করা ট্যাক্স দ্বারা প্রভাবিত তাদের সনাক্ত করতে পারে। ট্যাক্স প্রশাসন-এর উদ্দেশ্যে ও ট্যাক্স আইন অনুমোদিত অন্য যে কোনো উদ্দেশ্যে এটি ব্যবহার করা হবে এবং এটি এই স্টেটের জন্য বা অন্য প্রতিষ্ঠিত রাষ্ট্রের চাইল্ড সাপোর্ট প্রয়োগকারী সংস্থা বা তাদের অনুমোদিত প্রতিনিধি, সোশ্যাল সিকিউরিটি অ্যাক্ট-এর টাইটেল IV-D অনুসারে কোনো সর্থনের আদেশ প্রতিষ্ঠা, পরিবর্তন বা জারি করার জন্য ব্যবহার করতে পারে, কিন্তু তা জনসাধারণের কাছে লভ্য হবে না। কোনো নম্বর না দেওয়া থাকলে লিখিত ব্যাখ্যা দিতে হবে। One Commerce Plaza, 99 Washington Avenue, Albany, NY 12231-0001 -এ অবস্থিত ডিরেক্টর অফ অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট দ্বারা লাইসেন্সিং ইনফরমেশন সিস্টেমে এই তথ্যের রক্ষণাবেক্ষণ করা হবে।

আপনি কি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান?

অনুগ্রহ করে www.elections.ny.gov/votingregister.html-তে NY State Board of Elections গিয়ে দেখুন
অথবা **1-800-FOR-VOTE** কল করে NYS ভোট দাতার নিবন্ধন পত্রটির জন্য অনুরোধ জানান।

FOR OFFICE USE ONLY

APPLICATIO N NUMBER AENS-A-____- ______________

FEE $40 or $50

Division of Licensing Services

New York State
Department of State
Division of Licensing Services
Appearance Enhancement
P.O. BOX 22049
Albany, NY 12201-2049
কাস্টমার সার্ভিস: (518) 474-4429
www.dos.ny.gov

নেল স্পেশালিটি আবেদন

এই আবেদনটি পূরণ করার আগে নির্দেশাবলী পড়ুন। আপনাকে প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে এবং উত্তরগুলি লিখতে হবে।

অনুগ্রহ করে নিম্নলিখিত যোগ্যতা পছন্দগুলির একটি বাছুন।
আমি লাইসেন্সারের ($40 আবেদন ফি প্রয়োজন) জন্য আবেদন করছি, নিম্নলিখিতগুলির ভিত্তিতে:

_______ 1. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন অ্যান্ড এগজামিনেশনস (একটি 250 ঘন্টার অনুমোদিত অধ্যয়নের কোর্স সমাপ্তি)
_______ 2. নেল স্পেশালিটি ট্রেনি লাইসেন্সার (1 বছরের একটি নেল ট্রেনি হিসাবে এবং একটি 26 ঘন্টা অনুমোদিত অধ্যয়ন কোর্স সফল সমাপ্তি) ট্রেনি লাইসেন্স UID # ____________________ মেয়াদ উত্তীর্ণের তারিখ ______________________
_______ 3. পূর্ববর্তী নিউ ইয়র্ক স্টেট নেল স্পেশালিটি লাইসেন্সার – লাইসেন্স UID #____________ মেয়াদ উত্তীর্ণের তারিখ ____________
_______ 4. নিউ ইয়র্ক স্টেট বা ইউনাইটেড স্টেটসের বাইরে প্রাপ্ত শিক্ষা
_______ 5. অভিজ্ঞতা: 5 বছর নিউ ইয়র্ক স্টেটস বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে স্টেট__________________দেশ ________________
_______ 6. এনডোর্সমেন্ট – স্টেটের নাম লিখুন ____________________

আপনি যদি উপরের থেকে 1, 2, 3 বা 4 বেছে থাকেন, তাহলে আপনি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন(তার জন্য অতিরিক্ত $10 ফি প্রয়োজন), যার ফলে আপনি নিউ ইয়র্ক স্টেট পরীক্ষা দেওয়াকালীন প্র্যাকটিস করতে পারবেন।

_______ **আমি অস্থায়ী লাইসেন্সের অনুরোধ জানাচ্ছি। ($40 + $10 = $50 আবেদন ফি প্রয়োজন)**

আপনি যদি উপরের থেকে 1, 2, 3 বা 4 বেছে থাকেন, তাহলে আপনার আবেদন মঞ্জুর হয়ে গেলে আপনার পরীক্ষার সময়সূচি ঠিক করার জন্য আপনাকে একটি লিঙ্ক ইমেল করা হবে।

_______ **আমার পরীক্ষার জন্য বিশেষ বন্দোবস্ত লাগবে।**
আপনার যদি শেখার অক্ষমতা বা অন্য কোনো শারীরিক, মানসিক বা মনস্তাত্ত্বিক অক্ষমতা থাকে ও বিশেষ পরীক্ষা ব্যবস্থার অনুরোধ করেন, তাহলে আপনাকে আপনার আবেদনপত্রের সঙ্গে "বিশেষ পরীক্ষার বন্দোবস্তের অনুরোধ" ফর্ম (DOS-1591) পূরণ করে জমা দিতে হবে। এছাড়াও আপনাকে কোনো চিকিৎসক, অন্যান্য যোগ্যতাসম্পন্ন পেশাদার ব্যক্তির থেকে নেওয়া সহায়ক নথিপত্র বা কোনো স্কুল বা অন্যান্য প্রতিষ্ঠানের থেকে আগের কোনো সুবিধার বন্দোবস্তের প্রমাণ জমা দিতে হবে, যাতে আপনার অবস্থার বিবরণ ও যে পরিবর্তনের অনুরোধ করা হয়েছে তার ব্যাখ্যা থাকবে। আপনার আবেদন মঞ্জুর হয়ে গেলে একজন NYS লাইসেন্সিং প্রতিনিধি পরীক্ষার সময়সূচি ঠিক করার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

আবেদনকারীর তথ্য

প্রথম নাম	পদবি	মধ্যের নাম	প্রত্যয়	
বাড়ির ঠিকানা (রাস্তার নম্বর ও নাম দিন)			স্যুট, অ্যাপার্ট., ইউনিট	
সিটি	স্টেট	জিপ+4	কাউন্টি	দেশ
চিঠি পাঠানোর ঠিকানা (পোস্ট বক্স নম্বর দিন এখানে)				
সিটি	স্টেট	জিপ+4	কাউন্টি	দেশ
ইমেল ঠিকানা	সোশ্যাল সিকিউরিটি নম্বর	ফেডারেল করদাতার আইডি		
জন্ম তারিখ	বাড়ির ফোন	মোবাইল ফোন	ব্যবসার ফোন	

নেল স্পেশালিটি আবেদন

স্বাস্থ্য প্রমাণপত্র – আপনাকে আপনার শারীরিক পরীক্ষার **30 দিনের মধ্যে** এই আবেদনপত্র জমা দিতে হবে।

আমি একজন যথাযথ লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা কর্মরত নার্স এবং এই আবেদনে যে ব্যক্তির নাম আছে,_____________ _______________________________ *(শারীরিক পরীক্ষার তারিখ)* –তারিখে , তাঁর রুটিন পরীক্ষার সময়, আবেদনকারীর বৃত্তিগত কাজের ফলে জনসাধারণের স্বাস্থ্যের জন্য গুরুতর ঝুঁকি বা সরাসরি হুমকির কারণ হতে পারে, এরকম কোনো ছোঁয়াচে বা সংক্রামক রোগের উপস্থিতির ক্লিনিকাল প্রমাণ আমি পাইনি।

চিকিৎসকের নাম লিখুন ____

অনুশীলনকেন্দ্রের ঠিকানা ____

____

চিকিৎসকের স্বাক্ষর ____ *তারিখ* ____________________

চাইল্ড সাপোর্ট বিবৃতি

এই আবেদনপত্রে স্বাক্ষর করে, আমি প্রত্যয়িত করছি যে আবেদনের তারিখে, এই মুহূর্তে আমার কোনো চাইল্ড সাপোর্ট প্রদানের বাধ্যবাধকতা নেই**বা** যদি আমার চাইল্ড সাপোর্ট প্রদানের বাধ্যবাধকতা থেকেও থাকে, আমার চাইল্ড সাপোর্ট–এর টাকার দেওয়ার চার মাস বা তার বেশি বাকি নেই বা ইনকাম এগজিকিউশন অর্থাৎ বেতন থেকে সরাসরি বা আদালতের অনুমডদিত উপায়ে বা রিপেমেন্ট পরিকল্পনা বা দুইপক্ষের সম্মত হওয়া কোনো পরিকল্পনার মাধ্যমে সেই টাকা দিচ্ছি বা আমার চাইল্ড সাপোর্ট–এর বাধ্যবাধকতা নিয়ে আদালতে এখনো মামলা চলছে বা আমি সরকারি সাহায্য বা সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম পাচ্ছি।

আবেদনকারীর বিবৃতি - প্রতারণার শাস্তি নিয়ম মেনে, আমি ঘোষণা করছি যে, এই আবেদনপত্রের সকল বিবৃতি সত্য এবং সঠিক। আমি এও ঘোষণা করছি যে আমি জেনারেল বিজনেস ল–এর বিধি 27–এর অধীনে ঘোষিত নিয়ম ও বিধিগুলি পড়েছি ও বুঝেছি।

X ____ ____________________________

আবেদনকারীর স্বাক্ষর *তারিখ*

আপনি যদি নিউ ইয়র্ক স্টেট এডুকেশন অ্যান্ড এগজামিনেশন–এর ভিত্তিতে আবেদন করে থাকেন, তাহলে আপনার স্কুলের ডিরেক্টর বা প্রিন্সিপালকে নিচের অংশগুলি পূরণ করতে হবে:

নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত স্কুলের বিবৃতি

স্কুলের নাম		
স্কুলের ঠিকানা (রাস্তার নম্বর ও নাম দিন)		
সিটি	স্টেট	জিপ+4
স্কুল কারিকুলাম কোড (NYS ডিপার্টমেন্ট অব স্টেট থেকে দেওয়া পাঁচ সংখ্যার কোড)		
স্কুলের ডিরেক্টর বা প্রিন্সিপালের পুরো নাম (লিখুন)	খেতাব (ডিরেক্টর বা প্রিন্সিপাল)	
আবেদনকারীর পুরো নাম (লিখুন)		

নেল স্পেশালিটি আবেদন

প্রতারণার শাস্তি আইন মেনে আমি সম্মত হচ্ছি ও নিশ্চিত করছি যে ওপরে বলা স্কুলটির শিক্ষা আইনের §5001 অনুসারে যথাযথ লাইসেন্স আছে এবং/অথবা স্টেট অব নিউ ইয়র্কের বোর্ড অব রিজেন্টস দ্বারা অনুমোদিত। এই আবেদনপত্রে নাম থাকা ব্যক্তি অনুমোদিত 250 ঘন্টা পাঠ্যসূচির অধ্যয়ন (*তারিখ*) ______________________ তারিখে সম্পূর্ণ করেছেন।

______________________ ______________________

স্কুলের ডিরেক্টর/প্রিন্সিপালের স্বাক্ষর *তারিখ*

স্কুলের সিলমোহর

দয়া করে এই আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় ব্যাখ্যা ও বিবৃতি ও আবেদনের খরচ (যা NYS ডিপার্টমেন্ট অব স্টেট-কে দিতে হবে) দিতে ভুলবেন না - আবেদন ও অস্থায়ী লাইসেন্সের জন্য $50; বা শুধু আবেদনপত্রের জন্য মাত্র $40। আপনার ব্যাঙ্ক চেক ফেরত পাঠালে তার জন্য $20 ফি নেওয়া হবে। আপনি যদি ক্রেডিট কার্ডের মাধ্যমে অর্থ প্রদান করতে চান, তাহলে আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov -তে গিয়ে ক্রেডিট কার্ড-এর অনুমতির ফর্ম নিন ও সেটি পূরণ করে এই আবেদনপত্রের সঙ্গে ফেরত পাঠান।

আপনার ঠিকানা ও ইমেল অ্যাড্রেস পাল্টালে এই বিভাগকে জানানো গুরুত্বপূর্ণ, যাতে আপনি নবীকরণের বিজ্ঞপ্তি ও লাইসেন্স সম্পর্কিত অন্যান্য বিজ্ঞপ্তি পেতে পারেন।